

শরতের বৃষ্টি কহৌজম সুরঞ্জিত

সারাদিন ছুটি নিয়ে একটি মুকুর
সবুজাভ দূরে হেঁটে যাচ্ছিল
আগুনঝরা আকাশ থেকে আকাশে ।

ভাবলেশহীন মুমূর্ষু সাপের মত তাকে ছেড়ে
পরিচিত ট্রেন চলে যাচ্ছে;
বকুলের কেমন করা শরতের ছায়া
সাজানো ঘাসের ওপর বসে থাকে ।

এক ঘণ্টার উদাসী পরশে ঝুঁকে পড়া সাহসী দুপুর
মায়াবী চোখের সুরছন্দে
এতদূর এসে গেলো জেনে
প্রশ্নয়ে, হাসিতে উর্দ্ধমুখি হয়েছিল পাশের অঞ্চল ।

আমাদের ছুঁয়ে যাওয়া নীরবতা যজ্ঞে,
ভীষণ রোদের মাঝে মেঘদূত এসে
বর্ষণের ভাষায় কিছু অতীত-আগামী বপন করে গেলে
নীরবতাপূর্ণ মুকুর এবার বেজে ওঠে--

আহা, বৃষ্টিটা এসেই চলে গেলো!